

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd



স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৪৯৭

তারিখঃ ২৬/০১/২০২০খি

অফিস আদেশ

বিষয়ঃ উন্নয়ন বাজেটের আওতায় জিওবি অর্থায়নে বাস্তবায়নধীন প্রকল্পের দরপত্রের নথি নিষ্পত্তি করার ক্ষমতা অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সদর দপ্তর) কে প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পন আদেশ (Delegation of Financial Power) অনুসারে উন্নয়ন বাজেটের আওতায় বিভাগীয় প্রধান ও প্রকল্প পরিচালকগণকে চুক্তি অনুমোদনের আর্থিক ক্ষমতা অর্পন করা হয়েছে। চুক্তি অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে পূর্ত কাজের চুক্তি অনুমোদনের পূর্বে প্রধান প্রকৌশলী কর্তৃক জারীকৃত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন সংক্রান্ত অফিস আদেশে (স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-১৫৩, তারিখ: ১৪-০৫-২০১৯ খি:) উল্লিখিত অধিক্ষেত্র অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ ৩ (তিন) কোটি টাকা মূল্যমানের সমদর পর্যন্ত চুক্তি/দরপত্র (Tender) এর নথি নিষ্পত্তি করবেন।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

(সংশ্লিষ্ট কর্মকর্তার আদেশ)
প্রধান প্রকৌশলী (সদর দপ্তর):
ফোন: ৯১২৪০২৭
ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, উইং, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, বিভাগ, জেলা:.....।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, অঞ্চল, জেলা:.....।
- ৫। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি।
- ৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা:.....।
- ৭। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা, জেলা:.....।